দৈনিক ইনকিলাব

তারিখ ... 29 AUG 1987 ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... 2 ...

১১

## শিক্ষক সমিতি ফেডারেশন নেতৃবৃন্দের বিবৃতি

# এবারের বন্যায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাপক ক্ষতি হয়েছে

॥ স্টাফ রিপোর্টার ॥

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের সাংগঠনিক সম্পাদক আলহাজ মাওলানা খন্দকার নাসির উদ্দিন ও কেন্দ্রীয় কমিটির সদস্য মাওলানা আমিনুল্লাহ, মাওলানা আবদুল লতিফ, জনাব নুরুল্লা, জনাব হারুনুর রশিদ তালুকদার, প্রফেসর আহসান উদ্দিন ও ঢাকা মহানগরী ফেডারেশনের সভাপতি জনাব আবদুর রাজ্জাক গতকাল এক বিবৃতিতে বলেন, এবারের বন্যায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের

শেষ পৃঃ ৮-এর কঃ দেখুন

## শিক্ষক সমিতি

প্রথম পৃষ্ঠার পর

ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। উপরন্তু যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ত্রাণ শিবির খোলা হয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের আসবাবপত্র ও শিক্ষাপোকরণের সর্বাধিক ক্ষতিসাধিত হয়েছে।

বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, এ সকল ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানে সরকারী সাহায্যের আশু প্রয়োজন। অন্যথায় বন্যাত্তোর শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনা অসম্ভব হবে।

নেতৃবৃন্দ শিক্ষা ও ত্রাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে একালীন আর্থিক সাহায্যের অনুরোধ জানিয়েছেন।

বিবৃতিতে নেতৃবৃন্দ যে সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এখনও ত্রাণ শিবির খোলা হয়নি, প্রয়োজন অনুসারে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ত্রাণ শিবির খোলার এবং বন্যাজনিত কারণে শিক্ষাদান কাজ আপাতত স্থগিত ঘোষণা করার জন্য সরকারের প্রতি আহবান জানিয়েছেন।